

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানী কারক সমিতি (বিজিএমইএ)

হাউজ নং-৭/৭এ, ব্লক নং-এইচ-১, সেক্টর নং-১৭, উত্তরা, ঢাকা-১২৩০

বিজিএ/মেম্বারশীপ/২০২২/১৫২

তারিখঃ ২৫ জুলাই, ২০২২

সকল সম্মানিত সদস্যদের জন্য

পুনঃ বিজ্ঞপ্তি

বিজিএমইএ'র সকল সম্মানিত সদস্যগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অস্থায়ী/স্থায়ী মেম্বারশীপ, সুপারিশ ও যাবতীয় সংশোধনী কার্যক্রমের জন্য প্রচলিত পদ্ধতিতে আবেদনের পরিবর্তে অনলাইন পদ্ধতিতে আবেদনের জন্য ১লা মার্চ ২০২২ তারিখে বিজিএমইএ'র সম্মানিত সভাপতিসহ বোর্ডের অন্যান্য সম্মানিত সদস্যগণের উপস্থিতিতে Online Membership Management System (MMS) এর শুভ সূচনা হয়েছে। আপনারা অবগত আছেন যে, ইতোমধ্যে বিজিএমইএ'তে বিভিন্ন সেবা: যেমন UD, Cash Incentive ও অন্যান্য সেবা Online ভিত্তিতে চালু হয়েছে।

বিজিএমইএ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ইতিপূর্বে সার্কুলারের মাধ্যমে সকল সম্মানিত সদস্যগণকে ৩০শে জুন ২০২২ তারিখের মধ্যে Online Membership Management System (MMS)-পোর্টালে বিস্তারিত তথ্য স্বয়ংক্রিয় ও নিয়মিতভাবে হালনাগাদের জন্য স্ব-স্ব প্রতিষ্ঠানের প্রতিনিধির মাধ্যমে আইডি পাসওয়ার্ড সংগ্রহ এবং পর্যায়ক্রমে হালনাগাদ তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্র Upload করে MMS'র সেবা কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি আশানুরূপ অগ্রহ পরিলক্ষিত হচ্ছে না।

এমতাবস্থায়, বিজিএমইএ হতে প্রদত্ত সকল সেবা কার্যক্রম চলমান রাখার স্বার্থে আগামী ২৫ শে আগস্ট ২০২২ তারিখের মধ্যে MMS Online Platform- এ তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্র Upload করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হ'ল।

এই সংক্রান্ত যে কোন তথ্যের জন্য নিম্নে উল্লেখিত নম্বরে বিজিএমইএ'র মেম্বারসীপ/এমআইএস শাখায় যোগাযোগ করা যেতে পারে।

বিজিএমইএ হট লাইনঃ ০১৭৩০৪৪২২১১, ০৯৬৩৮০১২৩৪৫, সিস্টেম সাপোর্টঃ ০১৭১৭৬৭১৭৬৬

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহা-সচিব